আজকের কাগজ

তারিখ 05 AUG 1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

48

# বাংলাদেশ পৃথিবীর বাইরে!

বিপ্লব রহমান ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান বলেছেন, পৃথিবীর অন্য কোন দেশে এমন একটিও বিশ্ববিদ্যালয় নেই, যেখানে সে দেশের ভাষা পড়ানো হয় না। কিন্তু বাংলাদেশ সম্ভবত পৃথিবীর বাইরের একটি দেশ। এখনো নতুন নতুন বিশ্ববিদ্যালয় তৈরি হয়, যেখানে বাংলা ভাষা পড়ানো হয় না। তিনি গতকাল 'উইলিয়াম কেরী ঃ জীবন ও সাধনা' গ্রন্থের প্রকাশনা উৎসবে একথা বলেন।

তিনি খুলনা বিশ্ববিদ্যালয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোর উদাহরণ টেনে বলেন, এসব বিশ্ববিদ্যালয়ে বহু বিষয়ে বিভাগ আছে, কিন্তু বাংলা বিভাগের অস্তিত্ব নেই। প্রাইভেট বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে তিনি বলেন, এগুলো বিজনেস সেন্টার নয়, এগুলো বিজনেস ইন্ডাস্ট্রিতে পরিণত হয়েছে।